গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০ ০০০.০৪০.৩৭.৩২.১৫-৩৫৮ তারিখঃ ১৫-০৭-২০১৯ খ্রিঃ

**বিষয় ঃ যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের ভ্রাম্যমাণ কম্পিউটার ভ্যানে সেপ্টেম্বর ২০১৯ মাসে একমাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ প্রসংগে।**

(১) সূত্র ঃ ৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩৬.২০১৫-০৬, তারিখঃ ১৪-০৭-২০১৫ খ্রিঃ
(২) সূত্র ঃ ৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩৭.২০১৫-০১, তারিখঃ ০১-০৭-২০১৮ খ্রিঃ
(৩) সূত্র ঃ ৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩৭.২০১৫-০২, তারিখঃ ০১-০৭-২০১৮ খ্রিঃ
(৪) সূত্র ঃ ৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩৭.২০১৫-০৬, তারিখঃ ০৫-০৭-২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও বরাতের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে উপজেলা পর্যায়ে এক মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কোর্স আগামী সেপ্টেম্বর ২০১৯ মাসে নিম্নের ছকে বর্ণিত ৭টি বিভাগের ৭টি ভেন্যুতে অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | বিভাগের নাম | জেলার নাম | আইসিটি ট্রেনিং ভ্যান (মিনি বাস) রেজিঃ নম্বরসমূহ | সেপ্টেম্বর ২০১৯ মাসে প্রশিক্ষণ ভেন্যু (উপজেলা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১। | ঢাকা | নারায়ণগঞ্জ | ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৭৭ | রূপগঞ্জ | বরিশাল বিভাগের জেলাধীন প্রশিক্ষণ প্রদানযোগ্য উপজেলাসমূহে একবার করে প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হওয়ায় যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ বিভাগের আইসিটি প্রশিক্ষণ ভ্যানটি ঢাকা বিভাগে স্থানান্তর করা হয়েছে। |
| ০২। | ময়মনসিংহ | শেরপুর | ঢাকা-মেট্রো- ঝ-১৪-০১০৫ | নালিতাবাড়ী | |
| ০৩। | চট্টগ্রাম | চট্টগ্রাম | ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৭৮ | চন্দনাইশ | |
| ০৪। | রাজশাহী | পাবনা | ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৭৯ | সুজানগর | |
| ০৫। | খুলনা | বাগেরহাট | ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৮০ | ফকিরহাট | |
| ০৬। | ঢাকা | গোপালগঞ্জ | ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৮১ | টুংগীপাড়া | |
| ০৭। | রংপুর | গাইবান্ধা | ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৮২ | সাঘাটা | |

২। এক মাসের কোর্সটি প্রতিদিন প্রয়োজনীয় সংখ্যক শিফটে বাস্তবায়িত হবে অথবা ভ্যানের ধারণক্ষমতানুসারে শিফট পুনঃবিন্যাস করা যাবে। ১৮-৩৫ বছর বয়সী সমান সংখ্যক এইচ. এস. সি পাস যুবক ও এস.এস.সি পাস যুব মহিলার সমন্বয়ে গঠিত প্রতিটি কোর্সে প্রশিক্ষণার্থীদের সংখ্যা ৪০ জন। প্রশিক্ষণার্থী মনোনয়নে বয়স সীমার মধ্যে অধিক বয়স্ক ও প্রকৃত বেকার যুবক এবং যুব মহিলাদেরকে অগ্রাধিকার দিলে প্রশিক্ষণ শেষে জীবিকার সন্ধানে অর্জিত জ্ঞানকে পুরোপুরি কাজে লাগাবে। প্রশিক্ষণার্থীদের যোগ্যতা সম্পর্কীয় তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং সকল শর্তাবলী হুবহু প্রতিপালন করা আবশ্যক।

৩। আইসিটি ট্রেনিং ভ্যান এবং প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক, গাড়িচালক ও অফিস সহায়ক সংশ্লিষ্ট ভেন্যু অর্থাৎ উপজেলা/থানা সদরে অবস্থান করবে। উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগক্রমে প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক, গাড়িচালক ও ক্লিনারদের প্রশিক্ষণকালিন অবস্থানের ব্যবস্থা করতে হবে। আইসিটি ট্রেনিং ভ্যানটি একটি সুবিধাজনক স্থানে (যেখানে বৈদ্যুতিক সংযোগ পাওয়া সহজ হবে) এবং নিরাপত্তা বেষ্টনীর মধ্যে রেখে মাসব্যাপী প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। সেই সাথে রাত্রিকালিন এবং ছুটির দিনে গাড়িটিকে নিরাপদ স্থানে (সংশ্লিষ্ট পুলিশ ষ্টেশনের ভেতর রাখা প্রত্যাশিত) রাখার ব্যবস্থা করতে হবে।

৪। প্রশিক্ষণ শুরুর কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে প্রশিক্ষণার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও বয়স উল্লেখপূর্বক নামীয় তালিকা (প্রয়োজনীয় সংখ্যক অপেক্ষমান প্রার্থীসহ) যুব উন্নয়ন অধিদপ্তরস্থ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। কোনক্রমেই প্রশিক্ষণার্থীর কোটা খালি রাখা যাবে না অর্থাৎ প্রশিক্ষণার্থী লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। আরো উল্লেখ্য যে, প্রশিক্ষণ সমাপণীর দিন প্রশিক্ষণ সনদ প্রদান নিশ্চিত করার জন্য প্রশিক্ষণ সমাপ্তির ৭ (সাত) দিন পূর্বে পূরণকৃত প্রশিক্ষণ সনদ (যা যথাসময়ে সরবরাহ করা হবে) স্বাক্ষরের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। মূল্যায়ণ পরীক্ষা গ্রহণ করে সনদপত্রে যথাযথ ভাবে গ্রেডিং উল্লেখ করতে হবে।

পাতা-২

৫। সুবিধাভোগীদের দোরগোড়ায় বিনাখরচে কম্পিউটার প্রশিক্ষণ সুবিধা পৌছে দেয়ার এহেন উদ্যোগটি সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার সাথে অত্যন্ত সঙ্গতিপূর্ণ। তাই এর সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা পাওয়ার সুযোগ রয়েছে। এরি আলোকে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও তালিকাভূক্ত যুব সংগঠনকে সম্পৃক্ত করে এ প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সেই সাথে এ মহতী কার্যক্রমের ব্যাপক প্রচারনাও চালাতে হবে। উল্লেখ্য প্রশিক্ষণটির উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানের ব্যবস্থাপনা ব্যয়সহ প্রশাসনিক খরচ বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বরাদ্দ প্রকল্প হতে যথাসময়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে প্রদান করা হবে।

৬। প্রশিক্ষণকালীন আইসিটি ভ্যানে বিদ্যুৎ ব্যবহারের বিপরীতে প্রস্তুতকৃত বিদ্যুৎ বিল প্রকল্প হতে পরিশোধ করা যাবে। তবে বিদ্যুৎ বিলের কপি যথাসময়ে ও যথাযথভাবে প্রকল্পের পিআইইউ বরাবর প্রেরণ করতে হবে।

৭। গত ১৪-০৭-২০১৬ খ্রিঃ তারিখ যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরিত ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০২১.১১-২৮৮ সংখ্যক 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের মাধ্যমে প্রদত্ত প্রশিক্ষণকে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ বিবেচনা বিষয়ক' পত্রানুসারে ক্ষুদ্রঋণ কার্যনির্দেশিকা অনুসরণে সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে টেকাব প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষিত যুবগণও চলমান (রাজস্ব) কর্মসূচি হতে "প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণার্থী" হিসেবে ঋণ গ্রহণের সুযোগ পাবেন। এটি প্রশিক্ষণার্থীদেরকে অবগত করাতে হবে।

এমতাবস্থায় তাঁর জেলাধীন উপজেলায়/উপজেলায় আগামী সেপ্টেম্বর ২০১৯ মাসে মাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ সুসম্পন্নকরণের নিমিত্ত যথাপ্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। সেই সাথে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা সংক্রান্তে সূত্রে উল্লিখিত পত্রাদির নির্দেশনা প্রযোজ্যক্ষেত্রে যথাযথ ভাবে অনুসরণের জন্য বলা হলো। কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে ইহা প্রেরণ করা হলো।

(আবুল হাছনি খান)
যুগ্ম-সচিব
পরিচালক (পরিকল্পনা)
ও
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
টেকাব প্রকল্প
ফোন ৯৫৬০৭০৩।

প্রাপকঃ

০১। উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
নারায়ণগঞ্জ/শেরপুর/চট্টগ্রাম/পাবনা/বাগেরহাট/গোপালগঞ্জ/গাইবান্ধা।

০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট)।
---------------------উপজেলা, ----------------------জেলা।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ**

০১। পরিচালক/প্রকল্প পরিচালক ----------------------------------------, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ/শেরপুর/চট্টগ্রাম/পাবনা/বাগেরহাট/গোপালগঞ্জ/গাইবান্ধা।
০৩। উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ/শেরপুর/চট্টগ্রাম/পাবনা/বাগেরহাট/গোপালগঞ্জ/গাইবান্ধা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপজেলা চেয়ারম্যান, ----------------- উপজেলা -------------- জেলা।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ----------------- উপজেলা -------------- জেলা।
০৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
০৯। প্রোগ্রামার আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা, পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ----------------- উপজেলা -------------- জেলা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১২। অফিস কপি।